অবতরণিকা

অন্যান্যবারের মত এবারও জাতীয় বাজেটের একটি সহায়ক দলিল হিসেবে 'বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০০৯' প্রকাশিত হ'ল। এ দলিলে বাংলাদেশের অর্থনৈতিক এবং সামাজিক উন্নয়ন অগ্রগতির চিত্র তুলে ধরা হয়েছে। পাশাপাশি রাজস্ব ব্যবস্থাপনাসহ সামষ্টিক অর্থনীতির বিভিন্ন তথ্য/উপাত্ত ও বিশ্লেষণধর্মী কিছু সূচকও এ দলিলে স্থান পেয়েছে।

২। চলতি অর্থবছরের সমীক্ষায় মোট ১৫টি অধ্যায় এবং ৬৩টি পরিশিষ্ট রয়েছে। দেশের সামষ্টিক অর্থনীতি এবং এর বিভিন্ন খাতের গতি-প্রকৃতিসহ অগ্রাধিকারপ্রাপ্ত বিভিন্ন বিষয়ে অগ্রগতির সংক্ষিপ্ত পর্যালোচনা প্রথম অধ্যায়ে উপস্থাপন করা হয়েছে। দ্বিতীয় থেকে ষষ্ঠ অধ্যায়ে দেশের সামষ্টিক অর্থনীতির খাতসমূহ, যেমন- দেশজ উৎপাদ, সঞ্চয়, বিনিয়োগ, মূল্য-মজুরি ও কর্মসংস্থান, রাজস্ব ও মুদ্রা পরিস্থিতি এবং বৈদেশিক বাণিজ্য সম্পর্কিত বিষয়াদি উপস্থাপন করা হয়েছে। খাত ভিত্তিক অধ্যায়সমূহে (সপ্তম থেকে একাদশ) অর্থনীতির প্রধান প্রধান উৎপাদনমুখী খাত হিসেবে কৃষি, শিল্প, বিদ্যুৎ ও জ্বালানি এবং পরিবহন ও যোগাযোগ সংক্রান্ত পরিস্থিতি উপস্থাপন করা হয়েছে। মানব সম্পদ উন্নয়ন, দারিদ্র্য পরিস্থিতি ও দারিদ্র্য বিমোচন কার্যএক্ষম এবং বেসরকারি খাত ও পরিবেশ উন্নয়ন বিষয়ে সরকারের গৃহীত বিভিন্ন পদক্ষেপের বিবরণ দ্বাদশ থেকে পঞ্চদশ অধ্যায়ে তুলে ধরা হয়েছে। উল্লেখ্য, এ সমীক্ষায় বর্তমান সরকারের নির্বাচনী প্রতিশ্রুতিসমূহ সংশ্লিষ্ট অংশে তুলে ধরার চেষ্টা করা হয়েছে।

৩। অর্থ বিভাগের অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগের কর্মকর্তা/কর্মচারীদের অক্লান্ত ও নিরলস প্রচেষ্টার ফলেই নির্দিষ্ট সময়ে বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০০৯ প্রকাশ করা সম্ভব হ'ল। এজন্য অর্থনৈতিক উপদেষ্টা এবং তাঁর সহকর্মীদের ধন্যবাদ জানাই। যে সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/দপ্তর বিভিন্ন ধরণের তথ্য/উপাত্ত সরবরাহ করে এ সমীক্ষা প্রণয়নে সহায়তা করেছেন তাঁদের প্রতি রইল আমার আন্তরিক কৃতজ্ঞতা। আশা করি, এ সমীক্ষাটি নীতি প্রণয়নকারী, পরিকল্পনাবিদ, অর্থনীতিবিদ, গবেষক ও গবেষণা প্রতিষ্ঠান ও শিক্ষার্থীদের জন্য সহায়ক হবে।

৪। নানাবিধ সীমাবদ্ধতা ও নির্দিষ্ট সময়সীমার মধ্যে এ সমীক্ষা প্রণীত হয়েছে। সঙ্গত কারণেই এতে কিছু ভুল-ত্রুটি থাকা স্বাভাবিক। ভবিষ্যতে সমীক্ষার গুণগত মান আরো বৃদ্ধি ও তথ্যগত সমৃদ্ধির বিষয়ে মন্ত্রণালয়/বিভাগ, সংস্থা, গবেষক, অর্থনীতিবিদ, সমালোচক ও অনুসন্ধিৎসু পাঠকের পরামর্শ আমরা সানন্দে গ্রহণ করব।

(ডঃ মোহাম্মদ তারেক)
সচিব
অর্থ বিভাগ